



দৌলতদিয়ায় ফেরিঘাটে যাত্রীবাহী বাস পদ্মায় পড়ে হতাহতের আশঙ্কা



সংগৃহীত ছবি

রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ৭ নম্বর ফেরিঘাটে ফেরিতে ওঠার সময় কুষ্টিয়া থেকে ছেড়ে আসা একটি যাত্রীবাহী বাস পদ্মা নদীতে পড়ে গেছে। এতে হতাহতের আশঙ্কা করা হচ্ছে।

শুক্রবার (৫ জুন) সকাল সাড়ে ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে। বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে নদীতে পড়ে যায় বলে প্রাথমিকভাবে জানা গেছে। ঘটনাস্থলে উদ্ধার অভিযান চলছে।

এর আগে গত ২৫ মার্চ একই এলাকায় ফেরিঘাটে আরেকটি ভয়াবহ দুর্ঘটনা ঘটে। সেদিন কুষ্টিয়া থেকে ঢাকাগামী একটি যাত্রীবাহী বাস ফেরিতে ওঠার সময় নদীতে পড়ে যায়। ওই ঘটনায় ২৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছিল।

LENS ASIA